দৈনিক
জনকণ্ঠ

তারিখ ...23. SEP. 2015...
পৃষ্ঠা ...১... কলাম ...১...

# রাষ্ট্রপতির সঙ্গে প্রাইম বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি দলের সাক্ষাত

প্রাইম বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান মোঃ আশরাফ আলীর নেতৃত্বে একটি প্রতিনিধি দল মঙ্গলবার বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাত করেছেন। রাষ্ট্রপতির প্রেস সচিব জয়নাল আবেদীন বাসসকে জানান, বৈঠকে প্রতিনিধি দলের সদস্যরা বিশ্ববিদ্যালয়ের কর্মকাণ্ড সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেছেন। আবদুল হামিদ সাধারণ শিক্ষা কর্মসূচীর পাশাপাশি বাংলাদেশের মুক্তিযুদ্ধের ইতিহাস ও ঐতিহ্য সম্পর্কে শিক্ষার্থীদের পাঠদানের জন্য পদক্ষেপ নেয়ার আহ্বান জানান। রাষ্ট্রপতি ক্যাম্পাসে শিক্ষার অনুকূল পরিবেশ নিশ্চিত করার প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করেন। এ সময় রাষ্ট্রপতির কার্যালয়ের সংশ্লিষ্ট সচিবগণ উপস্থিত ছিলেন।